# ইয়োব, পরমগীত, উপদেশক, গীতসংহীতা ও হিতোপদেশ

ছোটদের যারা শিক্ষা দেন, তাদের উচ্চিত P4b অধ্যয়ন পাঠ করা।

**প্রার্থনা ঃ** ‘‘প্রিয় প্রভু, তোমার প্রশংসা করতে, উপদেশ ও নির্দেশনা দিতে বহু শতক আগে ইস্রায়েলের হিব্রু ভাষার কথা বলা লোকদেরকে সুন্দর যে কাব্যগুলি লিখতে অনুপ্রাণিত করেছিলে তা ব্যবহার করতে আমাদের সাহায্য কর।’’

এমন পদ্ধতি বেছে নিন যা লোকদের প্রয়োজনের সাথে মানানসই হয়।

১. **কাব্য পুস্তকগুলি থেকে শিক্ষা দেবার জন্য প্রার্থনা ও ঈশ্বরের বাক্য সহযোগে প্রস্তুতি নিন।**

প্রাচীন ইব্রীয় কাব্যের ক্ষমতা ও সৌন্দর্য সম্বন্ধে বর্ণনা করুন।

- বিভিন্ন সংস্কৃতির কাব্যগুলি ছড়ার মতন; প্রতিটি শব্দগুচ্ছের শেষ কথাগুলি শুনতে একইরকম মনে হয়। এর পরিমাপ আছে। কোন একটি উক্তির মধ্যস্থ শব্দাংশের বাচনভঙ্গির সংখ্যা এবং অবস্থান একটি নির্দিষ্ট প্রকাশ শৈলী অনুসরণ করে। এ ধরণের কাব্য অনুবাদ করা খুবই কঠিন। ঈশ্বর সমস্ত ভাষার লোকদেরই চান, তারা যেন তাঁর বাক্য পড়ে, আর এইজন্যই একটি অন্য ধরণের কাব্যের প্রবর্তন করেছেন।
- প্রাচীন ইস্রায়েলের কবিগণ সৌন্দর্য্যতাময় এবং ভারসাম্যযুক্ত একটি ধরণ ব্যবহার করেছেন যা সব সংস্কৃতির ও ভাষার সাথে মানানসই হয়। শব্দ এবং বাচনভঙ্গির ব্যাপকতার সমন্বয় না করে ঈশ্বর কবিদেরকে তাদের চিন্তাগুলির অর্থকে ভারসাম্যযুক্তভাবে প্রকাশ করতে সাহায্য করেছেন। তারা তাদের পদগুলিকে, একটি চিন্তাকে দুই, তিন, অথবা তারও বেশী ধরণে প্রকাশ করার মাধ্যমে, ভারসাম্যযুক্ত করেছেন।
- একটি ধারণার অণ্বেষণ করুন যা হিতোপদেশ ১৬ঃ১১ পদ সমান্তরাল উক্তির দ্বারা ভারসাম্য যুক্ত।
- হিতোপদেশ ১৩ঃ১ পদটিতে যে ধারণাটিকে বিপরীত শব্দগুচ্ছ দ্বারা ভারসাম্য যুক্ত করা হয়েছে তা অন্বেষণ করুন।



হে অলস তুমি পিপীলীকার কাছে যাও ও তার ক্রিয়াসকল দেখে জ্ঞানবান হও (হিতোপদেশ ৬ঃ৬)।

## নাট্যপুস্তকসমূহ ঃ ইয়োব এবং পরমগীত

ইয়োব, সেইসব লোকদের মধ্যে চলা তীব্র এবং বিদারক আলাপন কে লিপিবদ্ধ করেছেন, যারা ঈশ্বর এবং তাঁর বিচার সম্বন্ধে নিজ নিজ সম্পূর্ণ ভিন্ন ধারণা পোষণ করত। ইয়োব ১১ অধ্যায়ে, ইয়োবের একজন বন্ধু সোফর ,একই ভুল করে বলেছিলেন যে মানুষ নিজ পাপের কারণে দুঃখভোগ করে যেটাকে হিন্দু ধর্মে ‘‘কর্ম’’ বলা হয়।

**ইয়োব ১১ঃ১১-১৫ অংশে খুঁজুন,** সোফর কি বলে ইয়োবকে দোষী করেছিলেন।

**ইয়োব ১২ঃ১-৩ অংশে খুঁজুন,** সোফরের পরামর্শ শুনে ইয়োব কি ভেবেছিলেন।

**শলোমনের পরমগীত,** প্রেমিকদের গভীর আবেগকে তুলে ধরেছেন যা কোরাসের মাধ্যমে অনুরণিত হয়েছে। এটা ঈশ্বর এবং বিশ্বাসীদের মধ্যে, আমাদের প্রভু যীশু খ্রীষ্ট এবং তাঁর কনেদের মধ্যে, এবং তাঁর অনুগামীদের মধ্যে পারস্পরিক প্রেমকে বর্ণনা করেছে।

প্রাচীন ইস্রায়েলীয়রা যে ধর্মসঙ্গীত গাইতেন গীতসংহিতা

- প্রায় সমস্ত খ্রীষ্টীয় মণ্ডলীগুলিই আরাধনার সময় গীতসংহিতা ব্যবহার করে।

- রাজা দায়ূদ, তাঁর আরাধনাকারী নেতারা, আসফ এবং অন্যান্য লেখকেরা তাদের প্রশংসার গভীর অনুভূতি, ক্রোধ, কৃতজ্ঞতা, আশা, বিনতী, অভিযোগ, হতাশা এবং ধন্যবাদ প্রকাশ করেছেন।
- **২ শমূয়েল ২৩ঃ১**, অংশে অন্বেষণ করুন রাজা দায়ূদ তাঁর জীবনের শেষপ্রান্তে কি বলছেন।

**জ্ঞানের প্রবচন** ঃ হিতোপদেশ।


হিতোপদেশ হল জ্ঞানের প্রবচন যা রাজা দায়ূদের পুত্র সলোমন এবং অন্যান্য জ্ঞানী ব্যক্তিরা লিখেছিলেন।

হিতোপদেশ **৫ অধ্যায়ে** খুঁজুন ঃ

- একজন পরকীয়া স্ত্রীর কথা কিসের মতন (৩-৪ পদ),
- তার চরণ কোথায় নিয়ে যায় (৫-৬ পদ),
- স্বামীদের কেন স্ত্রীদের প্রতি বিশ্বস্ত থাকা উচিৎ (১৫-২৩ পদ),

অসংখ্য হিতোপদেশ যুবক যুবতীদের জন্য নির্দেশনা দান করে।

> ''বৎস, আমার বাক্যে অবধান কর,
> আমার কথায় কর্ণপাত কর।
> তাহা তোমার দৃষ্টির বহির্ভূত না হউক,
> তোমার হৃদয় মধ্যে তাহা রাখ।
> কেননা যাহারা তাহা পায়, তাহাদের পক্ষে তাহা জীবন
> তাহা তাহাদের সর্ব্বাঙ্গের স্বাস্থস্বরূপ।
> সমস্ত রক্ষণীয় অপেক্ষা তোমার হৃদয় রক্ষা কর,
> কেননা তাহা হইতে জীবনের উদগম হয়।'' (হিতোপদেশ ৪ঃ২০-২৩)



অলস বলে, ''পথে সিংহ আছে, চৌরাস্তায় কেশরী থাকে। কব্জাতে যেমন কবাট ঘুরে তেমনি অলস আপন খট্টায় ঘুরে।'' (হিতোপদেশ ২৬ঃ১৩-১৪)




একজন গুণবতী মহিলা যা কিছু করে তার কিছু হিতো**পদেশ ৩১ঃ১০-৩১** অংশে খুঁজুন।

একজন বৃদ্ধ মানুষের নিরাশাবাদী অভিযোগ সমূহ ঃ **উপদেশক**

একজন বয়স্ক লেখক, সম্ভবত শলোমন, পৃথিবীর উপরে জীবনের অসরতা সম্বন্ধে স্মরণ করিয়ে দিয়েছেন (সূর্যের নীচে)। তিনি

সমস্ত রকম ভোগ বিলাস আস্বাদন করেছেন। তথাপি সব কিছুর শেষে উপলব্ধি করেছেন তা সবই অসার (বায়ুর পিছনে ধাবমান হওয়া)।



**২. সপ্তাহ ব্যাপী আপনারা যা কিছু করবেন সেই বিষয়ে সহকর্মীদের সঙ্গে পরিকল্পনা করুন**

হিতোপদেশ ১৩ঃ২৪,১৯ঃ১৮,২২ঃ৬,২৩ঃ১৩ এই পদগুলির প্রয়োগের জন্য অভিভাবকদের পরিদর্শন ও সাহায্য করুন।

তাদের সন্তানদের হিতোপদেশ ১ঃ৮-৯ পদ অনুশীলন করতে সাহায্য করুন।

বিশ্বাসীদের জিজ্ঞাসা করুন, তারা পুঙ্খানুপুঙ্খভাবে ইয়োব, গীত সংহিতা অথবা হিতোপদেশ পুস্তকগুলিকে খুঁটিয়ে দেখার মাধ্যমে নিবিড় বাইবেল অধ্যয়নকে উপভোগ করেছে। পরে তাদের বলতে দিন যে তারা উপকারী কি খুঁজে পেয়েছেন।

পুরাতন নিয়মের কাব্যকে চিনতে আপনার শিক্ষানবীশ পালকদের সাহায্য করুন।

গীতসংহিতা থেকে ঈশ্বরকে কেন্দ্রবিন্দু করে এবং তাঁর প্রশংসার ব্যক্ত করে এমন পদগুলিকে বেছে নিন এবং আরাধনায় সেগুলো ব্যবহার করুন।

**৩. পরবর্তী আরাধনার বিষয়ে সহকমীদের সাথে পরিকল্পনা করুন।**

পুরাতন নিয়মের কবিতার অনুপম পদ্ধতি এবং সুন্দরতাকে বর্ণনা করুন এবং তার কিছু উদাহরণ দিন।

বিভিন্ন কাব্য পুস্তকগুলির প্রধান প্রধান বিষয়গুলিকে ব্যাখ্যা করুন।

হিতোপদেশ পুস্তক থেকে কিছু উপদেশ ব্যাখ্যা করুন।

যে সমস্ত বিশ্বাসীরা কাব্য-পুস্তকগুলি অধ্যয়ণ করে আশীর্বাদিত হয়েছে, তাদেরকে তা বলতে দিন।

ছোটরা যা প্রস্তুত করেছে তা তাদেরকে উপস্থাপন করতে দিন।

প্রভুর ভোজের পরিচিতি করণের জন্য গীত ১৩৩ পড়ুন এবং ব্যাখ্যা করুন যে যখন আমরা যীশুর উৎসর্গীকৃত মৃত্যুর স্মরণে রুটিভাঙি তখন আমরা বিশ্বাসীদের মধ্যে এক গভীর একতার অভিজ্ঞতা লাভ করি।

একে অপরের জন্য প্রার্থনা করতে এবং ইব্রীয় কাব্যের সাহায্যকারী পদগুলোর পুণরায় আলোচনার জন্য দুই অথবা তিনজন ব্যক্তিদের নিয়ে দল গঠন করুন।

গীতসংহীতা ১৪৫ঃ১-২ পদ একত্রে মুখস্থ করুন।

Copyright 2004 © by Paul-Timothy. May be freely copied. Download from www.Paul-Timothy.net